



মোঃ মাকরুজ্জামান  
উপসচিব  
বোর্ড ও জনসংযোগ বিভাগ  
মোংলা বন্দর কর্তৃপক্ষ  
ওয়েব সাইটঃ [www.mpa.gov.bd](http://www.mpa.gov.bd)

## “সংবাদ বিজ্ঞপ্তি”

### “মোংলা বন্দরের আমদানি-রপ্তানি ও ব্যবসায়ীদের সুযোগ সুবিধা বৃদ্ধির লক্ষ্যে কো-অর্ডিনেশন মিটিং”

মোংলা ইপিজেড এর আয়োজনে ২৩ নভেম্বর, ২০২২ খ্রি তারিখ বেলা ১০:৩০ ঘটিকায় মোংলা ইপিজেডের ইনভেস্টরদের নিয়ে মোংলা বন্দর কর্তৃপক্ষ ও মোংলা কাস্টমস হাউজের কো-অর্ডিনেশন মিটিং অনুষ্ঠিত হয়। উক্ত মিটিং এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা ও বিশেষ অতিথি ছিলেন মোহাম্মদ নেয়াজুর রহমান, কমিশনার অব কাস্টমস, মোংলা। মিটিং এ সভাপতিত্ব করেন মোংলা বন্দরের সদস্য (হারবার ও মেরিন) কমডোর মোহাম্মদ আব্দুল ওয়াদুদ তরফদার। এছাড়াও উপস্থিত ছিলেন মোংলা ইপিজেড এর এক্সিকিউটিভ ডিরেক্টর, মোংলা বন্দর কর্তৃপক্ষের উর্দ্ধতন কর্মকর্তাগণ, মোংলা কাস্টমস হাউজের উর্দ্ধতন কর্মকর্তা ও চীন, কোরিয়া, ইন্ডিয়াসহ ইপিজেড এর বিভিন্ন ইনভেস্টরগণ।

প্রধান অতিথির বক্তব্যে রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা বলেন, “মোংলা বন্দর এখন আগের চেয়ে অনেক বেশি সক্ষমতা অর্জন করেছে, আমাদের বেশ কয়েকটি প্রকল্প ইতোমধ্যে শেষ হয়েছে, আরো কয়েকটি প্রকল্প হাতে নেয়া হয়েছে যা শেষ হলে বন্দরের সক্ষমতা আরো কয়েকগুন বেড়ে যাবে।” এছাড়াও ব্যবসায়ীদের যেকোন ধরনের সুযোগ সুবিধার জন্য সরাসরি বন্দরে আমন্ত্রণ জানান তিনি।

সভাপতি কমডোর মোহাম্মদ আব্দুল ওয়াদুদ তরফদার মোংলা বন্দরের বর্তমান ও ভবিষ্যৎ পরিকল্পনা এবং সক্ষমতার উপর একটি প্রজেন্টেশন দেন। প্রজেন্টেশন শেষে উপস্থিত ইনভেস্টরদের কাছ থেকে তাদের বিভিন্ন সুবিধা-অসুবিধার কথা শুনেন ও কাস্টমস এর কিছু সহযোগীতা নিয়ে তা দ্রুত সমাধানের ব্যবস্থা গ্রহণ করেন। মোংলা বন্দরের সক্ষমতা ও সুবিধাদি দেখে ইনভেস্টরগণ মুগ্ধ হন এবং তারা আরো ব্যাপক হারে মোংলা বন্দর ব্যবহার করবেন বলে জানান।

স্বাক্ষরিত/-  
উপসচিব